

মেম্বারশ্বিপ সার্ভিস প্রকল্প  
প্রকল্প বাস্তবায়ন ইউনিট  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম  
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)  
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা-১০০০।

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৩.৪৬৮.১৭-৫২


তারিখঃ ০৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

বিষয়ঃ প্রকল্প বাস্তবায়ন ইউনিট, এনএটিপি-২ এর আওতায় মৎস্যচাষ প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়নের জন্য প্রস্তুতি গ্রহণ প্রসংগে।  
সূত্রঃ অত্র দপ্তরের পত্র নং ৩৩.০২.০০০০.৯২০.৩৩.১০৭.১৭-১২; তারিখঃ ১১ জানুয়ারি ২০১৮ খ্রিঃ।

আপনারা ইতোমধ্যে অবগত হয়েছেন যে, চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) এর আওতায় প্রতিটি সিআইজিতে ০২ (দুই) টি মৎস্যচাষ প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়ন এবং প্রতিটি প্রদর্শনীর জন্য প্রকল্প বাস্তবায়ন ইউনিট কর্তৃক অনধিক ২০,০০০.০০ টাকা বরাদ্দ প্রদান করা হবে। প্রযুক্তি প্রদর্শনী বাস্তবায়নের সফলতা অনেকাংশে নির্ভর করে সঠিক সিআইজি মৎস্যচাষি, পুকুর নির্বাচন, পুকুর প্রস্তুতি ইত্যাদির ওপর। মাঠ পর্যায়ে প্রযুক্তি প্রদর্শনী কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ইতোমধ্যে সূত্রোক্ত পত্র মারফত প্রয়োজনীয় নির্দেশনা (যেমন- প্রদর্শনী বাস্তবায়ন নির্দেশিকা, ব্যয়ের প্রাক্কলন, সাইনবোর্ড, Inventory of Demonstration ইত্যাদি) প্রেরণ করা হয়েছে।

প্রদর্শনী পুকুর নির্বাচনের ক্ষেত্রে সিআইজি সদস্যদের মালিকানাধীন/ব্যবস্থাপনাধীন উপযুক্ত আকারের জলাশয় নির্বাচনপূর্বক প্রদর্শনী পুকুর বাস্তবায়নের জন্য পুকুর প্রস্তুতিসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা যাতে প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তির সাথে সাথে ব্যয় নিশ্চিত করা যায়। উল্লেখ্য, প্রদর্শনী বাস্তবায়নের জন্য প্রকল্প অংশ হতে প্রদেয় দ্রব্যাদি সরকারী বিধি অনুসরণ করে সংগ্রহ করতে হবে এবং যে সকল সিআইজি'র ব্যাংক অ্যাকাউন্ট থাকবে না তাদেরকে প্রদর্শনীসহ অন্যান্য কার্যক্রমে অন্তর্ভুক্ত করা যাবে না।

এমতাবস্থায়, পত্রের মর্মানুযায়ী প্রদর্শনী পুকুর বাস্তবায়নে পুকুর প্রস্তুতিসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো।



(খঃ মাহবুবুল হক)

পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

টেলিফোনঃ ০২-৪৭১২০১৮৩

AS  
০৬/০২  
১৮

সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা


.....।

পত্র নং- ৩৩.০২.০০০০.৯২০.৩৩.৪৬৮.১৭-৫২

তারিখঃ ০৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ..... বিভাগ,.....।
৩. জেলা মৎস্য কর্মকর্তা,.....।
৪. সংশ্লিষ্ট নথি।



পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট

AS  
০৬/০২  
১৮